# উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির কার্য বিবরণী ঃ-

সভাপতির নামঃ ঃ জনাব মোঃ শাহিন আলম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থানঃ ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

তারিখ ও সময়ঃ ঃ ১৭/০৬/২০২৬ খ্রি. তারিখ, দুপুর: ১২.০০ ঘটিকা।

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক দেখানো হলো

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং সদস্য সচিব,উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন।

সদস্য সচিব,উপজেলা কৃষি অফিসার দামুড়হুদা, চুয়াডাঙ্গা, উপপরিচালক,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা মহোদয়ের ১৭/০৬/২০২৬ খ্রিঃ তারিখের ১২.০১.১৮০০.০৩৯.০০.০০৩.২৬/৮১৯(১৪) নং স্মারক মূলে দামুড়হুদা উপজেলার (প্রান্তিক ও ক্ষুদ্র) কৃষকদের জন্য প্রণোদনা সংক্রান্ত পত্রটি সভায় পাঠ করে শুনান। সদস্য সচিব জানান, ২০২৫-২৬ অর্থ বছরে লেবুর উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে লেবুর চারা সহায়তা প্রণোদনা কর্মসূচীর আওতায় ৭০ (সত্তর) জন কৃষকের জন্য চারা বরাদ্দ পাওয়া গিয়াছে।

এ কর্মসূচীর আওতায় দামুড়হুদা উপজেলার অনুকুলে ৭০ (সত্তর) জনের জন্য লেবুর প্রণোদনা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। প্রতি কৃষককে ৫টি করে লেবুর চারা দেওয়া হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত অনুমোদিত অগ্রাধিকার তালিকা তৈরী করবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে লেবুর চারা ০৫(পাঁচ)টি ও ৩০ কেজি জৈব সার (গোবর সার) প্রদান করা হবে। কর্মসূচীর সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবে, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে একজনের উপকরন অন্য জনকে প্রদান করা যাবে না।

সভায় কৃষি প্রণোদনা প্যাকেজ ২০২৬ এর নীতিমালা বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০১**

উপজেলায় ০৮ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় ২০২৫-২০২৬ অর্থ বছরে লেবুর চারা কৃষক পর্যায়ে বিনামূল্যে বিতরণ ও বিভাজন করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাজন নিম্নরূপঃ-

| ক্রমিক নং | ইউনিয়ন/পৌরসভা | প্রান্তিক/ ক্ষুদ্র কৃষকের সংখ্যা (জন) | মোট চারা পরিমান সংখ্যা (টি) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জুড়ানপুর | ১০ | ৫০ | আবাদী জমি ও কৃষকের চাহিদার ভিত্তিতে |
| ২ | নতিপোতা | ৫ | ২৫ | |
| ৩ | নাটুদহ | ১০ | ৫০ | |
| ৪ | কার্পাসডাঙ্গা | ১০ | ৫০ | |
| ৫ | কুড়ুলগাছি | ৫ | ২৫ | |
| ৬ | পারকৃষ্ণপুর-মদনা | ৫ | ২৫ | |
| ৭ | হাউলী | ১০ | ৫০ | |
| ৮ | দামুড়হুদা | ১০ | ৫০ | |
| ৯ | দর্শনা পৌরসভা | ৫ | ২৫ | |
| | মোটঃ | ৭০ জন | ৩৫০ টি | |

**সিদ্ধান্ত -০২**

সংশিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক পরিবারকে লেবু চাষে সর্বাধিক ০৫ (পাঁচ) টি লেবু চারা সহায়তা প্রদান করা হবে। রাস্তাকে অগ্রধিকার দিয়ে রাস্তার পাশের জমির মালিকগণকে অগ্রাধিকার দিতে হবে, যাতে ভবিষ্যতে পরিচর্যা করতে তুলনামূলক সহজ হয় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৩**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত -০৫**

উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর "কৃষক তথ্য ছক" পূরণ করে উপসহকারী কৃষি কর্মকর্তা **সফটকপি** উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির নিকট **ই-মেইল** এ অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে প্রেরণ করবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক যারা লেবুর চারা লাগাতে আগ্রহী কেবল মাত্র তাদের তালিকায় অর্ন্তভুক্ত করতে হবে।
খ) পরবর্তীতে যাচাই-বাচাই এর ভিত্তিতে কৃষক তালিকা সমন্বয় করা যেতে পারে।
গ) কৃষকের জাতীয় পরিচয় পত্র নম্বর ও মোবাইল নম্বর থাকতে হবে।
ঘ) ২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি।

সিদ্ধান্ত -০৬

স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল লেবু চারা বিনা/হর্টিকালচার সেন্টার হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৭

প্রণোদনা কর্মসূচির গুনগত মানসম্পন্ন সার (জৈব সার) সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠান/প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তা কৃষক/ব্যবসায়ীর নিকট হতে বিধি মোতাবেক ক্রয় করতে হবে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত -০৮

২০২৫-২৬ অর্থ বছরে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচীর চারা ও জৈবসার পরিবহন ও আনুষঙ্গিক ব্যয় বাবদ কৃষি পুনর্বাসন সহায়তার অর্থ খরচের লক্ষ্যে একটি উপ-কমিটি গঠনের প্রস্তাব গৃহীত হয় এবং কমিটির অনুমোদন ও দেওয়া হয়।

কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১। উপজেলা কৃষি অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- আহবায়ক |
| ২। উপজেলা প্রাণীসম্পদ অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- সদস্য |
| ৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,দামুড়হুদা, চুয়াডাঙ্গা। | ঃ- সদস্য |

* বিভাজন-(ক) ২০২৫-২৬ অর্থ বছরে লেবুর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে চারা ও জৈবসার সহায়তা কৃষি প্রনোদনা কর্মসূচী বর্ণিত কমিটিকে কোটেশন সংক্রান্ত ও যাবতীয় কার্যাদি সম্পাদন করা এবং সরকারী বিধি মোতাবেক আর্থিক ব্যয়ভার মেটানোসহ যাবতীয় খরচের ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

১৭.০৫.২৬
(মো: শাহিন আলম)
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
dae.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং- ১২.১৬.১৮৩১.০০০.১৬.০০২.২৫. ৫৬২(২৭) তারিখঃ- ১৭/০৬/২০২৬খ্রিঃ।

১৭/০৬/২০২৬খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভায় ২০২৫-২৬ অর্থ বছরে লেবুর চারা কৃষি প্রণোদনা কর্মসূচির কার্যবিবরণীর অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

সদয় জ্ঞাতার্থে ঃ-

১) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

২) উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-

১) মেয়র, দর্শনা পৌরসভা।

২-৮) চেয়ারম্যান (সকল) ...................................ইউপি।

৯-২৫) উপসহকারী কৃষি কর্মকর্তা, (সকল) জনাব .......................................ব্লক.........................। আপনাকে প্রণোদনা প্যাকেজের আওতায় "তথ্য ছক" পূরণ করে (সফটকপি ও হার্ডকপি) অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে আগামী ২৪/০৬/২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর ০১(এক) কপি কৃষক অগ্রাধিকার খসড়া তালিকা আবশ্যিকভাবে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১৭.০৬.২৬

(শারমিন আক্তার)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।